চতুর্থ অধ্যায়

রাজস্ব নীতি ও ব্যবস্থাপনা

দেশের সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা এবং দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সুষ্ঠু রাজস্ব নীতির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে সরকারি ব্যয় এবং রাজস্ব ব্যবস্থাপনাকে সময়োপযোগী করার লক্ষ্যে কিছু তাৎপর্যপূর্ণ সংস্কার কার্যক্রম চলমান রয়েছে। রাজস্ব নীতি নির্ধারণে এ সব সংস্কারের প্রত্যক্ষ প্রভাব রয়েছে।

সুষ্ঠু রাজস্ব নীতি প্রণয়ন ও বাস্তবায়ন সরকারের অন্যতম দায়িত্ব। আহরিত সম্পদের তুলনায় ব্যয়ের মাত্রা অধিক হলে এর বিরূপ প্রভাব সামষ্টিক অর্থনীতির অন্যান্য খাতেও পড়ে থাকে। এ কারণে, সরকারের সার্বিক অর্থনৈতিক ব্যবস্থাপনায় সুষ্ঠু রাজস্ব ব্যবস্থাপনার বিকল্প নেই।

সরকারি আয়

কর রাজস্ব সরকারি আয়ের প্রধান উৎস। সরকারের মোট আয়ের প্রায় ৮০ শতাংশই কর রাজস্ব হতে সংগৃহীত। মোট রাজস্ব- দেশজ উৎপাদন (জিডিপি) অনুপাত যেখানে ১৯৯২-৯৩ অর্থবছরে ছিল ৯.১৩ শতাংশ, ২০০১-০২ অর্থবছরে তা ১০.২১ শতাংশে, ২০০৫-০৬ অর্থবছরে ১০.৭৯ শতাংশে ও ২০০৬-০৭ অর্থবছরে এ অনুপাত কিছুটা হ্রাস পেয়ে ১০.৬ শতাংশে উপনীত হয়েছে। ২০০৭-০৮ অর্থবছরে এ অনুপাত ১১.১৭ শতাংশে দাঁড়িয়েছে। এতে প্রতীয়মান হয় যে, রাজস্ব-জিডিপি অনুপাত স্বল্পহারে হলেও ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বিগত দশকের অর্থবছরসমূহে কর-রাজস্ব ও কর- বহির্ভুত রাজস্ব এবং রাজস্ব -জিডিপি অনুপাত নিম্নের সারণি ৪.১ এ দেখানো হ'লঃ

সারণি ৪.১ঃ রাজস্ব প্রাপ্তি

(কোটি টাকায়)

	১৯৯৮-৯৯	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪	২০০৪-০৫	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮
মোট রাজস্ব	১৯৭৬৭	২০০৭৪	২৪৩৪২	২৭৮৯৩	৩১১২০	৩৫৪০০	৩৯২০০	৪৪৮৬৮	৪৯৪৭২	৬০৫৩৯
কর রাজস্ব	১৬১৬৭	১৬০৭৯	১৯৭৭৮	২১৩৩২	২৪৯৫০	২৮৩০০	৩১৯৫০	৩৬১৭৫	৩৯২৪৭	৪৮০১২
কর বহির্ভূত রাজস্ব	৩৬০০	৩৯৯৫	৪৫৬৪	৬৫৬১	৬১৭০	৭১০০	৭২৫০	৮৬৯৩	১০২২৫	১২৫২৭
স্থূল দেশজ উৎপাদন (জিডিপি) এর শতকরা হিসেবে										
মোট রাজস্ব	৯.০০	৮.৪৭	৯.৬০	১০.২১	১০.৩৫	১০.৬৩	১০.৫৭	১০.৭৯	১০.৬	১১.১৭
কর রাজস্ব	৭.৩৬	৬.৭৮	৭.৮০	৭.৮১	৮.৩০	৮.৫০	৮.৬২	৮.৭০	৮.৪	৮.৮৬
কর বহির্ভূত রাজস্ব	১.৬৪	১.৬৯	১.৮০	২.৪০	২.০৫	২.১৩	১.৯৬	২.০৯	২.২	২.৩১

উৎসঃ অর্থ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বিবিএস। সংখ্যাসমূহ সংশোধিত বাজেট ভিত্তিক।

কর ব্যবস্থাপনা

জাতীয় রাজস্ব বোর্ড বাংলাদেশের কর নীতি নির্ধারণ ও তা বাস্তবায়নের দায়িত্বে নিয়োজিত। দারিদ্র বিমোচন, কৃষিখাতকে অধিকতর গতিশীল করা, বাস্তবমুখী শিল্পের প্রসার ও রপ্তানি বৃদ্ধি, দেশজ শিল্পের বিকাশ, উৎপাদনশীলতা বৃদ্ধি, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ইত্যাদি লক্ষ্যকে সামনে রেখে ২০০৭-০৮ অর্থবছরে প্রত্যক্ষ ও পরোক্ষ করের ক্ষেত্রে নানাবিধ প্রশাসনিক পদক্ষেপ নেয়া হয়েছে (বক্স ৪.১)।

বক্স ৪.১ঃ ২০০৭-০৮ অর্থবছরে প্রত্যক্ষ ও পরোক্ষ কর ব্যবস্থায় গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ

প্রত্যক্ষ কর ব্যবস্থায় গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ

- ব্যক্তি করদাতাদের করমুক্ত আয় সীমা ১,২০,০০০/- টাকা থেকে ১,৫০,০০০/-টাকায় উন্নীতকরণ।
- মোবাইল ফোন অপারেটর কোম্পানীর কর হার ৪০% থেকে ৪৫% এ উন্নীতকরণ, তবে ন্যূনতম ১০% শেয়ার পাবলিক অফারের মাধ্যমে Public Traded Company তে রূপান্তরিত হলে কর হার হবে ৩৫%।
- বাড়ী, জমি এবং গাড়ী ক্রয়ে কর অনারোপিত আয় বিনিয়োগের সুযোগ রহিতকরণ।
- স্ব-নিবাস হিসেবে ব্যবহৃত গৃহ সম্পত্তির বিপরীতে ২০ লক্ষ টাকা পর্যন্ত গৃহীত ঋণের সুদ, খরচ হিসেবে অনুমোদন।
- আর্থিক প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে মোট আয়ের ১০% এর পরিবর্তে ৫% হারে বিশেষ রিজার্ভ খরচ হিসেবে বিবেচনা।
- রয়্যালটি, টেকনিক্যাল সার্ভিস বা টেকনিক্যাল এসিসটেন্স ফি খাতে অনুমোদনযোগ্য খরচের সীমা, মুনাফার ২.৫% এর স্থলে ৫% উন্নীতকরণ।
- সিটি কর্পোরেশন কর্তৃক ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নকালে ১,০০০/- টাকা হারে সমন্বয়যোগ্য অগ্রীম আয়কর আদায়।
- হাসপাতাল ও ডায়াগনোস্টিক সেন্টার কর্তৃক ডাক্তারদের প্রদেয় ফি থেকে ৫% এর স্থলে অপরাপর পেশাজীবীদের ন্যায়, ১০% হারে উৎসে কর কর্তন।
- সঞ্চয়পত্রের সুদ আয়কে ১০% হারে উৎসে কর কর্তনের আওতায় আনয়ন, তবে ১,৫০,০০০/-টাকা পর্যন্ত বার্ষিক সুদ আয়ের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন অব্যাহতি প্রদান।
- ক্রেডিট কার্ডের বিল থেকে উৎসে কর কর্তন প্রথা বিলোপ।
- সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতি প্রবর্তন।
- আয়কর রিটার্ন দাখিলের ব্যর্থতার ক্ষেত্রে জরিমানার হার হ্রাসকরণ।
- অ-নিবাসী বাংলাদেশীদের বিনিয়োগজনিত কর রেয়াত সুবিধা প্রদান।
- বাংলাদেশ সরকারের ইস্যুকৃত ট্রেজারী বিল ও ট্রেজারী বন্ডের আয়ের উপর আগাম (upfront) আয়কর এবং উৎসে আয়কর আদায় রহিতকরণ।
- অগ্রীম আয়কর প্রদানের নির্ধারিত আয় সীমা ২ লক্ষ টাকা থেকে ৩ লক্ষ টাকায় উন্নীতকরণ।
- ট্রাস্টি ফি থেকে ১০% হারে এবং ফ্রেইট ফরোয়াডিং এজেন্সীর কমিশন আয় থেকে ৭.৫% হারে উৎসে অগ্রীম আয়কর কর্তন।
- রিয়েল এস্টেট ডেভলাপার, চাটার্ড জাহাজে বিদেশে মাল পরিবহন, বিড়ি উৎপাদনকারী এবং ইট ভাটাসহ অন্যান্য খাতে উৎসে আয়কর কর্তনের হার বৃদ্ধি।
- বেসরকারী বিশ্ববিদ্যালয় ও ট্রাস্টি আইনে নিবন্ধনকৃত গবেষণা প্রতিষ্ঠানসমূহের জন্য ১৫% হারে রেয়াতী আয়কর সুবিধা প্রদান।

পরোক্ষ কর ব্যবস্থায় গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ ঃ

শুল্ক ব্যবস্থা ঃ

- বিগত ২০০৬-০৭ অর্থবছরের চারটি শুল্ক স্তর এবং সর্বোচ্চ শুল্ক হার ২৫%, ২০০৭-০৮ অর্থবছরেও অপরিবর্তিত রাখা হয়েছে। মধ্যবর্তী ও নিম্ন শুল্ক হার ১২% ও ৫% থেকে বৃদ্ধি করে ২০০৭-০৮ অর্থবছরে যথাক্রমে ১৫% ও ১০% করা হয়েছে;
- বিগত অর্থবছরে সম্পুরক শুল্কের বিদ্যমান ৬টি স্তর ছিল ১৫%, ২৫%, ৬৫%, ১০০%, ২৫০% ও ৩৫০% যা পুনর্বিন্যাস করে স্তর সংখ্যা কমিয়ে ৫টি স্তর যথাক্রমে ২০%,৬০%,১০০%,২৫০%,৩৫০% করা হয়েছে ;
- ২০০৭-২০০৮ অর্থবছরে ৪% অবকাঠামো উন্নয়ন চার্জ (Infrastructure Development) বিলুপ্ত করা হয়েছে;
- ২০০৬-২০০৭ অর্থবছরে অপরিশোধিত চিনির Specific duty টন প্রতি ২,২৫০.০০ টাকা থেকে বৃদ্ধি করে টন প্রতি ৪,০০০.০০ টাকা এবং পরিশোধিত চিনি টন প্রতি ৫,০০.০০ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে;
- মোবাইল ফোনের প্রতি সেটের জন্য নির্ধারিত শুল্ক ৩০০.০০ টাকা হতে কমিয়ে ২০০.০০ টাকা নির্ধারণ করা হয়েছে ;

মূল্য সংযোজন কর (মূসক) ব্যবস্থাঃ t

০১। আইন ও বিধিগত গুরুত্বপূর্ণ সংস্কার সংশোধনঃ

(ক) কোন নিবন্ধিত উৎপাদক কর্তৃক চুক্তির ভিত্তিতে অন্য কোন নিবন্ধিত উৎপাদকের ব্রান্ডযুক্ত পণ্য উৎপাদনের ক্ষেত্রে মূল্য নিরূপণের পদ্ধতি নির্ধারণের জন্য বোর্ডকে ক্ষমতা প্রদান করা হয়েছে এবং সে আলোকে চুক্তির ভিত্তিতে অন্য কোন ব্যক্তির ব্রান্ডযুক্ত পণ্য উৎপাদনের ক্ষেত্রে মূল্য ঘোষণা উপকরণ হস্তান্তর, রেয়াত গ্রহণ ও হিসাব রক্ষণের বিধান করা হয়েছে। মূসক ব্যবস্থার ক্ষেত্রে কর্মকর্তাদের স্বেচ্ছাক্ষমতা হ্রাস করার লক্ষ্যে অনিয়ম মামলায় অর্থদন্ড আরোপের সর্বোচ্চ সীমা পঞ্চাশ হাজার টাকা থেকে পঁচিশ হাজার টাকা নির্ধারণ এবং রাজস্ব ফাঁকি সংশ্লিষ্ট মামলার ক্ষেত্রে জড়িত রাজস্বের অন্যূন অর্ধেক থেকে অনুর্ধ্ব দ্বিগুন পরিমাণ অর্থদন্ডের পরিবর্তে অন্যূন পঁচিশ শতাংশ থেকে অনুর্ধ্ব পঁচাত্তর শতাংশ অর্থদন্ডের বিধান করণ ও রাজস্ব ফাঁকি ব্যতীত গুরুতর অনিয়ম মামলার ক্ষেত্রে সর্বোচ্চ জরিমানা তিন লক্ষ টাকার পরিবর্তে এক লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে। বাজেয়াপ্তকরণ সংশ্লিষ্ট মামলার ক্ষেত্রে অর্থদন্ড জড়িত রাজস্বের অন্যূন অর্ধেক থেকে অনুর্ধ্ব দ্বিগুন পরিমাণের পরিবর্তে অন্যূন পঁচিশ শতাংশ থেকে অনুর্ধ্ব পঁচাত্তর শতাংশ নির্ধারণ।

০২। বিভিন্ন খাতকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে কিছু কিছু ক্ষেত্রে প্রযোজ্য মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে, যেমনঃ Insulin (উৎপাদন পর্যায়ে), Fire Extinguisher (আমদানি ও উৎপাদন পর্যায়ে), First Aid Box (আমদানি ও উৎপাদন পর্যায়ে), Hearing Aids, Excluding Parts and accessproes (আমদানি ও উৎপাদন পর্যায়ে) Shadow Less Operation Lamp (আমদানি ও উৎপাদন পর্যায়ে)।

০৩। রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে বেশকিছু আইটেম হতে মূল্য সংযোজন কর অব্যাহতি সুবিধা প্রত্যাহার করা হয়েছে। যেমনঃ বিশেষজ্ঞ ডাক্তার, আইন পরামর্শক, দন্ত চিকিৎসা কেন্দ্র এবং প্লান্ট ও মুলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা ইত্যাদি।

০৪। করের ভিত্তি বাড়ানোর নিমিত্তে কয়েকটি সেবার ওপর নতুনভাবে মূল্য সংযোজন কর আরোপ করা হয়েছে, যেমনঃ ইমিগ্রেশন উপদেষ্টা, কোচিং সেন্টার, ইংলিশ মিডিয়াম স্কুল এবং বেসরকারী মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ সেবাখাতের ওপর মূল্য সংযোজন কর আরোপ।

০৫। ট্যারিফ মূল্য পুনঃ নির্ধারণঃ

বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে এবং বিভিন্ন কমিশনারেটের প্রস্তাবনার আলোকে চকলেট দুধ, আম দুধ, দুধ কলা, টমেটো পেস্ট, এলি গ্যাস, পেপ ার, এমএস প্রোডাক্ট, তারকাটা, চিংলার, বৈদ্যুতিক ট্রান্সফরমার, হিউম্যান হুলার, পণ্যবাহী ও যাত্রীবাহী যান্ত্রিক নৌযান, শীপ স্ক্র্যাপ পণ্যের ট্যারিফ মূল্য হালনাগাদ করা হয়েছে।

০৬। সম্পূরক শুল্ক প্রত্যাহার (উৎপাদন পর্যায়ে)ঃ (ক) এইচ,এস,কোড ৩৩০৪.৯৯.০০ ভুক্ত স্কীন ক্রীমের ওপর থেকে স্থানীয় পর্যায়ে প্রযোজ্য ১০% সম্পূরক শুল্ক প্রত্যাহার করা হয়েছে।

০৭। বিভিন্ন শ্রেণীর করদাতাদের মধ্যে অধিকতর সমতা বিধানের লক্ষ্যে কোমল পানীয়, মিনারেল ওয়াটার, টয়লেট সাবান, রেস্তোঁরা, পণ্যাগার, বন্দর, ওয়াসা, বীমা কোম্পানী, ভূমি উন্নয়ন সংস্থা, ভবন নির্মাণ সংস্থা, খেলাধুলার আয়োজক, ইঞ্জিনিয়ারিং ফার্ম, সিমকার্ড সরবরাহকারী, হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার, চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ), চাটার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা, টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থা, বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমুলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক-কে বার্ষিক টার্ণওভার নির্বিশেষে মূসকের আওতায় নিবন্ধন গ্রহন বাধ্যতামূলক করার বিধান করা হয়েছে।

উৎসঃ জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব আদায় কার্যক্রম

খাতভিত্তিক রাজস্ব আদায় কার্যক্রম বিশ্লেষণে দেখা যায় যে, রাজস্ব আদায়ের দিক থেকে সর্বোচ্চ স্থানে রয়েছে মূল্য সংযোজন কর। এরপর রয়েছে যথাক্রমে আয়কর, আমদানি শুল্ক, সম্পুরক শুল্ক, অন্যান্য কর এবং আবগারি শুল্কের অবস্থান। সরকারের রাজস্ব সংগ্রহের ধারা থেকে স্পষ্ট যে, রাজস্ব সংগ্রহে মূল্য সংযোজন কর ও আয়করের অবদান ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে।

২০০৭-০৮ অর্থবছরে রাজস্ব লক্ষ্যমাত্রা ছিল ৪৩,৮৫০.০০ কোটি টাকা। ২০০৬-০৭ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন খাতসমূহ হতে রাজস্ব আদায়ের পরিমাণ ছিল ৩৭,২১৯.৩২ কোটি টাকা। তৎপূর্ববর্তী অর্থবছরের (২০০৫-২০০৬) তুলনায় এ আদায় ৩,২১৬.৮৯ কোটি টাকা বা ৯.৪৬ শতাংশ বেশী। ২০০৭-২০০৮ অর্থবছরের প্রথম দশ (জুলাই/২০০৭- এপ্রিল/২০০৮) মাসে আদায় হয়েছে ৩৫৩১৩.৪২ কোটি টাকা যা বিগত অর্থবছরের (জুলাই/২০০৬-এপ্রিল/২০০৭) একই সময়ের তুলনায় ৬৬৫২.৭৫ কোটি টাকা বা ২৩.২১ শতাংশ বেশী। চলতি অর্থবছরের (২০০৭-২০০৮) প্রথম দশ মাসে (জুলাই/২০০৭- এপ্রিল/২০০৮) মোট রাজস্ব আদায়ে লক্ষ্যমাত্রার ৮০.৫ শতাংশ অর্জিত হয়েছে। সারণি ৪.২ এ এপ্রিল ২০০৬ হতে এপ্রিল ২০০৮-এর খাতভিত্তিক রাজস্ব আদায়ের বিবরণী তুলে ধরা হ'লঃ

সারণি ৪.২ঃ খাতভিত্তিক রাজস্ব আদায়

(কোটি টাকায়)

রাজস্ব আদায়ের খাতসমূহ	আদায় এপ্রিল ২০০৬ পর্যন্ত	আদায় এপ্রিল ২০০৭ পর্যন্ত	আদায় এপ্রিল ২০০৮ পর্যন্ত
আমদানি শুল্ক	৬৩৬৭.৯৩	৬৭৬৪.৪৬	৭৩২৪.২৫
মূল্য সংযোজন কর (আমদানি পর্যায়)	৪৭৯১.১৯	৫১৪২.৮৩	৬৪৪৭.৭৯
সম্পূরক শুল্ক (আমদানি পর্যায়ে)	১৩৪৪.৮৫	১০০৯.৪৩	১৪২৩.২১
উপ মোট	**১২৫০৩.৯৭**	**১২৯১৬.৭২**	**১৫১৯৫.২৫**
আবগারী শুল্ক	১৬০.১০	১৮২.৬৬	২১২.৩৮
মূল্য সংযোজন কর (স্থানীয় পর্যায়)	৪৯৪৬.২৯	৫৭৮৬.১৬	৬৯৭০.৪৮
সম্পূরক শুল্ক (স্থানীয় পর্যায়)	৩৭৪৯.৩১	৩৮৩২.৫৩	৪৮৩৯.৩৭
টার্ণ ওভার ট্যাক্স	৫.৩৯	৪.৬৯	৩.৬৯
উপ মোট	**৮৮৬১.০৯**	**৯৮০৬.০৪**	**১২০২৫.৯২**
পরোক্ষ করের মোট	**২১৩৬৫.০৬**	**২২৭২২.৭৬**	**২৭২২১.১৭**
আয়কর	৪৫৩৯.৫৯	৫৬৮৮.০৮	৭৭১৬.৪১
অন্যান্য কর ও শুল্ক	২১৬.৮৮	২৪৯.৮৩	৩৭৫.৮৪
প্রত্যক্ষ করের মোট	**৪৭৫৬.৪৭**	**৫৯৩৭.৯১**	**৮০৯২.২৫**
সর্বমোট	**২৬১২১.৫৩**	**২৮৬৬০.৬৭**	**৩৫৩১৩.৪২**

উৎসঃ জাতীয় রাজস্ব বোর্ড

লেখচিত্র ৪.১ঃ খাত ভিত্তিক রাজস্ব আদায় (২০০৭-০৮, এপ্রিল/০৮ পর্যন্ত)



সরকারি ব্যয়

সরকারি ব্যয় ব্যবস্থাপনা সরকারের রাজস্ব ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ অংশ। উৎপাদনশীল খাতে ব্যয় উৎসাহিতকরণ এবং অনুৎপাদনশীল খাতে ব্যয় নিয়ন্ত্রণ সরকারি ব্যবস্থাপনার মূল লক্ষ্য। সরকার প্রতি বছরে যে বিপুল অর্থ ব্যয় করে তার মুখ্য উদ্দেশ্য হল দেশের জনগণের জীবনমানের উন্নয়নের মাধ্যমে দারিদ্র বিমোচন, ভৌত অবকাঠামো নির্মাণ এবং মানব সম্পদ উন্নয়ন সাধন । বিগত দশকের অর্থবছরসমূহে সরকারের রাজস্ব ও উন্নয়ন ব্যয় এবং জিডিপি-র শতকরা হিসেবে তাদের অনুপাত নিম্নের সারণি ৪.৩-এ দেখানো হ'লঃ

সারণি ৪.৩ঃ সরকারি ব্যয়

(কোটি টাকায়)

	১৯৯৮-৯৯	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪	২০০৪-০৫	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮
সরকারি ব্যয় (ক+খ+গ)	২৯৭৭৯	৩৪৪৬৪	৩৭৩৯৯	৪০৭৫৭	৪২০৭৫	৪৭১৮৪	৫৩৯০৩	৫৯০৩০	৬৬৮৩৬	৯৩৬০৮
(ক)রাজস্ব ব্যয়	১৬৫৬২	১৮১৯৫	২০৫৩৬	২২৭০০	২৫৩০৭	২৮৩৯০	৩৩৩২৪	৩৬৬১৮	৪৫৪১২	৫৭৪২৫
(খ) উন্নয়ন ব্যয়	১২৩২৫	১৫২২১	১৫৯০১	১৫০৫০	১৫২৭১	১৬৮১৭	১৮৭৭১	১৯৪৭৩	১৭৯১৬	২২৫০০
(গ) অন্যান্য ব্যয়	৮৯২	১০৪৮	৯৬২	৩০০৮	১৪৯৭	১৯৭৭	১৮০৮	২৯৪০	৩৫০৮	১৩৬৮৩
জিডিপি-র শতকরা হিসেবে										
সরকারি ব্যয় (ক+খ+গ)	১৩.৫৫	১৪.৫৪	১৪.৭৫	১৪.৯২	১৪.০০	১৪.১৭	১৪.৫৪	১৪.২০	১৪.৩০	১৭.২৭
(ক)রাজস্ব ব্যয়	৭.৫৪	৭.৬৭	৮.১০	৮.৩১	৮.৪২	৮.৫৩	৮.৯৯	৮.৮১	৯.৭১	১০.৬
(খ) উন্নয়ন ব্যয়	৫.৬১	৬.৪২	৬.২৭	৫.৫১	৫.০৮	৫.০৫	৫.০৬	৪.৬৮	৩.৮৩	৪.১৫
(গ) অন্যান্য ব্যয়	০.৪১	০.৪৪	০.৩৮	১.১০	০.৫০	০.৫৯	০.৪৯	০.৭১	০.৭৬	২.৫২

উৎসঃ আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। সংখ্যাসমূহ সংশোধিত বাজেট ভিত্তিক ।

রাজস্ব ব্যয়ের গঠন

সরকারের মোট রাজস্ব ব্যয়ের বিশ্লেষণে (পরিশিষ্ট সারণি-২০) দেখা যায়, ২০০৩-০৪, ২০০৪-০৫, ২০০৫-০৬ ও ২০০৬-০৭ অর্থবছরে বেতন ভাতা খাতে ব্যয় ছিল যথাক্রমে ২৭.৫, ২৫.৩, ২৬.৬ ও ২৮.৪ শতাংশ । ২০০৭-০৮ অর্থবছরে তা ২৩.৬ শতাংশে দাঁড়িয়েছে। ২০০৩-০৪, ২০০৪-০৫, ২০০৫-০৬ ও ২০০৬-০৭ অর্থবছরে ভর্তুকি ও অন্যান্য চলতি হস্তান্তর খাতে ব্যয় ছিল মোট রাজস্ব ব্যয়ের যথাক্রমে ২৮.৪, ৩০.১, ২৯.১ ও ৩১.৪ শতাংশ। ২০০৭-০৮ অর্থবছরে তা ৩৩.৭ শতাংশ হয়। ২০০৩-০৪, ২০০৪-০৫, ২০০৫-০৬ ও ২০০৬-০৭ অর্থবছরে মোট রাজস্ব ব্যয়ে অভ্যন্তরীণ ও বৈদেশিক ঋণের ওপর সুদের অংশ ছিল যথাক্রমে ২০.৩, ১৮.৮, ১৯.৮ ও ২০.২ শতাংশ। ২০০৭-০৮ অর্থবছরে এ খাতে ২০.৭ শতাংশ ব্যয় হয়।

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ব্যয়ের গঠন

সারণি ৪.৪ এ দেখা যায় যে, গত এক দশকে এডিপির প্রকৃত ব্যয় সংশোধিত লক্ষ্যমাত্রার প্রায় ৯০ শতাংশ। ২০০৩-০৪, ২০০৪-০৫, ২০০৫-০৬ অর্থবছরে এ ব্যয় ছিল যথাক্রমে ৮৯ শতাংশ, ৯১.৬ শতাংশ, ৯১ শতাংশ। ২০০৬-০৭ অর্থবছরে এডিপি ব্যয়ের জাতীয় গড় দাঁড়ায় সংশোধিত বরাদ্দের ৮৩ শতাংশ।

সারণি ৪.৪ ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন

(কোটি টাকায়)

বার্ষিক উন্নয়ন কর্মসূচি				
বছর	মূল বরাদ্দ	সংশোধিত বরাদ্দ	প্রকৃত ব্যয়	সংশোধিত বরাদ্দের বিপরীতে প্রকৃত ব্যয়ের শতকরা হার
১৯৯৫-৯৬	১২১০০	১০৪৪৭	১০০১৬	৯৬.০
১৯৯৬-৯৭	১২৫০০	১১৭০০	১১০৪১	৯৪.০
১৯৯৭-৯৮	১২৮০০	১২২০০	১১০৩৭	৯০.৫
১৯৯৮-৯৯	১৩৬০০	১৪০০০	১২৫০৯	৮৯.৪
১৯৯৯-০০	১৫৫০০	১৬৫০০	১৫৪৭১	৯৩.৮
২০০০-০১	১৭৫০০	১৮২০০	১৬২৪০	৮৯.২
২০০১-০২	১৯০০০	১৬০০০	১৪০৯০	৮৮.১
২০০২-০৩	১৯২০০	১৭১০০	১৫৪৩৪	৯০.০
২০০৩-০৪	২০৩০০	১৯০০০	১৬৮১৭	৮৯.০
২০০৪-০৫	২২০০০	২০৫০০	১৮৭৭১	৯১.৬
২০০৫-০৬	২৪৫০০	২১৫০০	১৯৪৭৩	৯১.০
২০০৬-০৭	২৬০০০	২১৬০০	১৭৯১৭	৮৩%
২০০৭-০৮ (এপ্রিল, ২০০৮ পর্যন্ত)	২৬৫০০	২২৫০০	১২৩৬৭	৫৫%

উৎসঃ আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়।

বার্ষিক উন্নয়ন কর্মসূচির খাতওয়ারি প্রকৃত ব্যয়ের গঠন বিন্যাস

আর্থসামাজিক ও ভৌত অবকাঠামো খাতে এডিপি বরাদ্দ ও ব্যয় ক্রমশঃ বৃদ্ধির প্রবণতা সরকার কর্তৃক অনুসৃত নীতি ও কৌশলের সাথে সংগতিপূর্ণ। নিচের সারণি ৪.৫-এ বার্ষিক উন্নয়ন কর্মসূচির খাতওয়ারি প্রকৃত ব্যয়ের গঠন বিন্যাস দেখানো হ'লঃ

সারণি ৪.৫ ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচির ব্যয় (প্রকৃত)-এর খাতওয়ারি গঠন বিন্যাস, প্রধান খাতসমূহ (%)

খাতসমূহ	১৯৯৭-৯৮	১৯৯৮-৯৯	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪	২০০৪-০৫	২০০৫-০৬	২০০৬-০৭
কৃষি	৪.৫	৪.৯	৪.৭	৪.৫	৪.৪	৩.৭৪	৪.০৪	৩.৬২	৫.২০	৫.৮৬
পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান	৮.২	১০.১	১২.২	১২.২	১১.১	১০.০৯	১৩.৮৩	১৪.২৭	১৫.৮৩	১৭.১৪
পানি সম্পদ	৮.১	৭.০	৬.৯	৬.১	৫.৪	৪.২৯	৪.০৪	২.৪৪	৩.২২	২.২৯
শিল্প	০.৮	০.৮	১.৭	৩.৩	১.৯	১.১৪	২.৭৪	২.৪২	১.৬৪	১.২৪
বিদ্যুৎ	১০.৯	১২.০	১২.৯	১২.২	১২.১	১৩.৭০	১৭.২৬	২০.৭৪	১.৬৪	১৩.৮৭
তেল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ	৪.৯	৪.৭	৪.৩	২.৫	৩.১	৪.০০	৫.১৯	৬.০৪	১.৬২	০.৭৪
পরিবহন	১৯.৭	১৭.৯	১৭.৪	২০.৪	১৯.৯	১৬.১৫	১৮.০৪	১২.২৭	১৪.৩০	১৪.৪০
যোগাযোগ	১.৬	২.৮	৩.১	২.৮	৬.১	৩.৬৩	২.২৩	২.৯৩	২.৮২	২.৭২
ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ণ	৫.১	৫.৪	৭.০	৭.৫	৬.৬	৫.৬১	৫.৯১	৬.০৩	৭.৫৬	৬.৮৬
শিক্ষা ও ধর্ম	১২.৯	১৩.৫	১২.৮	১৩.৩	১৪.২	১৩.৮৮	১২.২৮	১৩.৭০	১৩.৮৩	১৫.৪৮
স্বাস্থ্য ও জনসংখ্যা	৯.১	৮.২	৮.১	৭.৩	৭.৯	৬.৭২	৮.২৭	৮.১৭	৯.৫৯	৯.৯৭
অন্যান্য	১৪.১	১২.৮	৯.১	৭.৮	৭.৪	১৭.০০	৬.২৪	৭.৩৮	৮.১৯	৯.৪৩
মোট এডিপি	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০

উৎসঃ আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়।

বাজেট ভারসাম্য ও অর্থায়ন

অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র হ্রাস এবং সামাজিক উন্নয়নের জন্য গৃহীত সুনির্দিষ্ট জাতীয় কৌশলের পটভূমিতে বাজেট প্রণীত হয়। কিন্তু সম্পদের সীমাবদ্ধতার কারণে বাজেটের আয় এবং ব্যয়ের মধ্যে ব্যবধান হলে বাজেটে ঘাটতি দেখা দেয়। নিম্নে সারণি ৪.৬-এ গত দশকের বাজেট ভারসাম্য ও অর্থায়নের উপাত্ত উপস্থাপন করা হ'লঃ

সারণি ৪.৬ ঃ বাজেট ভারসাম্য (Balance)[১]

(জিডিপি-র %)

	১৯৯৮-৯৯	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪	২০০৪-০৫	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮
সার্বিক বাজেট ভারসাম্য (বৈদেশিক অনুদান ব্যতীত)	-৩.৪	-৪.৬	-৬.১	-৫.১	-৪.৪*	-৪.২*	-৪.২*	-৩.৯*	-৩.৭	-৬.১**
সার্বিক বাজেট ভারসাম্য (বৈদেশিক অনুদান সহ)	-২.১	-৩.২	-৪.৫	-৪.১	-৩.৭	-৩.৪	-৩.৪	-৩.৩	-৩.৩	-৫.৩***
নীট বৈদেশিক অর্থায়ন[২]	২.৩	২.৫	২.৫	২.০	১.৭	২.৩	২.৪	১.৭	১.৮	২.৪
নীট অভ্যন্তরীণ অর্থায়ন[৩]	১.৬	১.৯	২.৮	২.৭	১.৩	২.২	১.৮	২.২	১.৯	৩.৭

* প্রকৃত সরকারি হিসাব অনুযায়ি ২০০২-০৩, ২০০৩-০৪, ২০০৪-০৫ ও ২০০৫-০৬ অর্থবছরে জিডিপি'র শতকরা হারে সার্বিক বাজেট ঘাটতি যথাক্রমে ৩.৫, ৩.৪, ৩.৫ ও ৩.৭ শতাংশ।
** অনুদান বাদে ও বিপিসিসহ *** অনুদান ও বিপিসিসহ
উৎসঃ সিজিএ ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বিবিএস ও বাংলাদেশ ব্যাংক। সংখ্যাসমূহ সংশোধিত বাজেট ভিত্তিক।

বার্ষিক উন্নয়ন কর্মসূচির জন্য অভ্যন্তরীণ সম্পদ

বার্ষিক উন্বয়ন কর্মসূচির আকার এবং এডিপিতে অভ্যন্তরীণ সম্পদের অবদান ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। নিম্নের সারণি ৪.৭ এ এডিপি অর্থায়নে বৈদেশিক ও অভ্যন্তরীণ সম্পদের পরিমাণের একটি তুলনামূলক চিত্র তুলে ধরা হল:

সারণি ৪.৭ বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থায়নে অভ্যন্তরীণ সম্পদের পরিমাণ (সংশোধিত বরাদ্দ অনুযায়ী)

(কোটি টাকায়)

	১৯৯৮-৯৯	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪	২০০৪-০৫	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮
এডিপি	১৪০০০	১৬৫০০	১৮২০০	১৬০০০	১৭১০০	১৯০০০	২০৫০০	২১৫০০	২১৬০০	২২৫০০
বৈদেশিক উৎস[৪]	৮১৮৮	৮২৭৪	৮৬৭০	৮২১৫	৮২৪১	৯৪১০	১০৪৩০	১০৭০০	১০১৯৪	১৪৪৩০
মোট অভ্যন্তরীণ সম্পদ [৫]	৫৮১২	৮২২৬	৯৫৩০	৭৭৮৫	৮৮৫৯	৯৫৯০	১০০৭০	১০৮০০	১১৪০৬	৮৪২৪
এডিপি-র শতকরা হিসেবে মোট অভ্যন্তরীণ সম্পদ	৪১.৫১	৪৯.৮৫	৫২.৩৬	৪৮.৬৬	৫১.৮১	৫০.৪৭	৪৯.১২	৫০.২৩	৫২.৮১	৩৭.৪৪

উৎসঃ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশন।

---

১. সংখ্যার পূর্বে ঋণাত্মক চিহ্ন (-) দ্বারা ঘাটতি বুঝানো হয়েছে। ২০০৭-০৮ অর্থবছরের তথ্য মূল বাজেট ভিত্তিক, অন্যান্য বছরের তথ্য প্রকৃত।
আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) অনুসৃত রীতি অনুযায়ী বৈদেশিক অনুদান সরকারের প্রাপ্তি হিসেবে পরিগণিত। কেননা এ অনুদান ফেরৎ দায়মুক্ত।

২ নীট বৈদেশিক অর্থায়ন = (বৈদেশিক ঋণ+অনুদান) - বৈদেশিক ঋণের আসল পরিশোধ।

৩. নীট অভ্যন্তরীণ অর্থায়ন = জনগণ হতে গৃহীত নীট ঋণ + ব্যাংকিং খাত হতে গৃহীত ঋণ। {যেখানে, জনগণ হতে গৃহীত নীট ঋণ = মোট সঞ্চয়পত্রের বিক্রয় - সঞ্চয়পত্র বাবদ আসল পরিশোধ}। এক আর্থিক বছরের খরচ পরবর্তী বছরে পরিশোধ (চেক ফ্লোট (Check Float) ও অন্যান্য ভুল-ভ্রান্তিজনিত (Errors & Omissions)) কারণে বাজেট ঘাটতি ও অর্থায়নের মধ্যে পার্থক্য থাকে।

৪ প্রকল্প সাহায্য, খাদ্য সাহায্য ও অন্যান্য।

৫ মোট অভ্যন্তরীণ সম্পদ = এডিপি - বৈদেশিক উৎস।

miKwi FY

সামাজিক কল্যাণে ব্যয় নির্বাহের প্রতিশ্রুতি পূরণ, অপ্রত্যাশিত জরুরি ব্যয় মোকাবেলা, বিনিয়োগ বৃদ্ধি, উন্নয়ন পরিকল্পনার ব্যয় নির্বাহ ইত্যাদি কারণে সৃষ্ট বাজেট ঘাটতি পূরণকল্পে সরকার ঋণ গ্রহণ করে। সরকার অভ্যন্তরীণ ও বৈদেশিক এই উভয় উৎস থেকে ঋণ গ্রহণ করে থাকে। বিগত এক দশকে গৃহীত দেশের অভ্যন্তরে বিভিন্ন উৎস থেকে গৃহীত সরকারি ঋণের খতিয়ান সারণি ৪.৮ -এ এবং বৈদেশিক উৎস থেকে অনুদান ও ঋণের খতিয়ান সারণি ৪.৯ -এ এবং বিগত ৭ বছরের উৎসভিত্তিক সরকারের অভ্যন্তরীণ ঋণের গতিধারা লেখচিত্র ৪.২ -এ ও বৈদেশিক উৎস থেকে প্রাপ্ত অনুদান ও ঋণ প্রবাহ লেখচিত্র ৪.৩ -এ দেখানো হ'ল।

mvivY 4.8t **অভ্যন্তরীণ** Drm †_‡K MnxZ miKv‡ii FY

(†KwUU UvKvq)

অর্থবছর	ব্যাংক ব্যবস্থা থেকে গৃহীত সরকারের ঋণ (নীট)			ব্যাংক বহির্ভূত উৎস থেকে গৃহীত সরকারের ঋণ	সরকারের মোট অভ্যন্তরীণ ঋণ	জিডিপি'র %
	বাংলাদেশ ব্যাংক হতে গৃহীত ঋণ	তফসিলী ব্যাংকসমূহ হতে গৃহীত ঋণ	মোট ঋণ			
১	২	৩	৪=২+৩	৫	৬=৪+৫	৭
১৯৯৬-৯৭	১৪৫২.১০	২৫৪.৯০	১৭০৭.০০	৯৪৭.৪২	২৬৫৪.৪২	১.৫
১৯৯৭-৯৮	৮০৬.৬০	৪৪৮.২০	১২৫৪.৮০	১৯০৫.১৭	৩১৫৯.৯৭	১.৬
১৯৯৮-৯৯	১০৬৪.৪০	৯১২.২০	১৯৭৬.৬০	২৭৭২.৪৪	৪৭৪৯.০৪	১.৯
১৯৯৯-০০	১৭৩৮.১০	১৭৮৬.২০	৩৫২৪.৩০	৩২২৯.৬৮	৬৭৫৩.৯৮	২.৮
২০০০-০১	২০০৯.৩০	৮৯৫.১০	২৯০৪.৩০	৪২০৮.৪২	৭১১২.৭২	২.৮
২০০১-০২	২৭২৭.০০	-১৫৮.৬০	২৫৬৮.৪০	৪৭১১.৪৭	৭২৭৯.৮৭	২.৭
২০০২-০৩	-২৫৮৯.৭০	১৬০৭.২০	-৯৮২.৫০	৪৭৯৫.২২	৩৮১২.৭২	১.৩
২০০৩-০৪	১৬৫৩.০০	১০১৬.১০	২৬৬৯.১০	৪৬৫৮.৯০	৭৩২৮.০০	২.২
২০০৪-০৫	৩৮২৬.৭০	-১৪২.৮০	৩৬৮৩.৯০	২৯৭২.৫৭	৬৬৫৬.৪৭	১.৮
২০০৫-০৬	৯৩৫১.৮০	-৩৩১০.৪০	৬০৪১.৫০	৩১০৩.২৩	৯১৪৪.৭৩	২.২
২০০৬-০৭	৯০৫.০০	৩৫১০.৯	৪৪১৫.৯০	৪৬৮২.৩০	৯০৯৮.২০	১.৯
২০০৭-০৮**	-৫৫৬৬.০০	১১০৮৩.১০	৫৫১৭.১০	২১৭২.৮০	৭৬৮৯.৯০	-

উৎস ঃ বাংলাদেশ ব্যাংক।
নোটঃ ২০০২-০৩ অর্থ বছর থেকে ব্যাংক ব্যবস্থা হতে সরকারের গৃহীত ঋণ (নীট) নতুন পদ্ধতিতে হিসাব করা হচ্ছে।
** ফেব্রুয়ারি/২০০৮ পর্যন্ত

লেখচিত্র-৪.২ সরকারের মোট অভ্যন্তরীণ ঋণ



mviwY 4.9t ‰e‡`wkK Drm †_‡K MnxZ miKv‡ii FY I Ab`vb MnY Ges Avmj I m` cwi‡kva cwiw¯wZ

(wgwjqb BDGm Wjvi)

A_eQi	FY I Ab`vb MnY			Avmj I m` cwi‡kva			bxU ^e‡`wkK cevn	
	Ab`vb	FY	‡gvU	m`	Avmj	‡gvU	Avmj cwi‡kva cieZx	Avmj I m` cwi‡kva cieZx
১	২	৩	৪=২+৩	৫	৬	৭=৫+৬	৮=৪-৬	৯=৪-৭
১৯৯৮-৯৯	৬৬৯	৮৬৭	১৫৩৬	১৬৬	৩৭৩	৫৩৯	১১৬৩	৯৯৭
১৯৯৯-০০	৭২৬	৮৬২	১৫৮৮	১৭২	৪৪৭	৬১৯	১১৪১	৯৬৯
২০০০-০১	৫০৪	৮৬৫	১৩৬৯	১৫৯	৪৩৮	৫৯৭	৯৩১	৭৭২
২০০১-০২	৪৭৯	৯৬৩	১৪৪২	১৫১	৪৩৫	৫৮৬	১০০৭	৮৫৬
২০০২-০৩	৫১০	১০৭৫	১৫৮৫	১৫৬	৪৫২	৬০৮	১১৩৩	৯৭৭
২০০৩-০৪	৩৩৮	৬৯৫	১০৩৩	১৬৫	৪২৩	৫৮৮	৬১০	৪৪৫
২০০৪-০৫	২৩৪	১২৫৭	১৪৯১	১৮৫	৪৩৪	৬১৯	১০৫৭	৮৭২
২০০৫-০৬	৫০১	১০৬৭	১৫৬৮	১৭৬	৫০২	৬৭৮	১০৬৬	৮৯০
২০০৬-০৭	৫৯০	১০৪০	১৬৩০	১৮২	৫৪০	৭২২	১০৯০	৯০৮
২০০৭-০৮ (ফেব্রুয়ারি ০৮ পর্যন্ত)	৩৬২	৭৬৫	১১২৭	৮৭	২৬৬	৩৫৩	৪৬১	৭৭৪

উৎস ঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

লেখচিত্র-৪.৩ ‰e‡`wkK Drm †_‡K miKv‡ii FY I Ab`vb MnY



বাংলাদেশের বর্তমানে সরকারি ঋণ-দায় (debt obligation) এখনও সহনীয় সীমার মধ্যে রয়েছে। বৈশ্বিক বিভিন্ন পরিবর্তনজনিত কারণে বর্তমানে বৈদেশিক উৎস হতে FY ও অনুদান প্রাপ্তি ক্রমান্বয়ে কমে আসছে; তাই বাজেট ঘাটতি পূরণে বৈদেশিক ঋণের পাশাপাশি সরকার অভ্যন্তরীণ উৎস থেকে সম্পদ সংগ্রহের জন্য নানামুখী সংস্কার ও প্রমোশনাল কর্মসূচি গ্রহণ করেছে।

mviwY 4.10t GK bR‡i ev‡RU

(অংকসমূহ কোটি টাকায়)

weeiY	ms‡kwaZ 2007-08	ev‡RU 2007-08	ms‡kwaZ 2006-07
রাজস্ব প্রাপ্তি ও বৈদেশিক অনুদান			
রাজস্ব	৬০৫৩৯	৫৭৩০১	৪৯৪৭২
করসমূহ	৪৮০১২	৪৫৮৩৮	৩৯২৪৭
জাতীয় রাজস্ব বোর্ড নিয়ন্ত্রিত করসমূহ	৪৫৯৭০	৪৩৮৫০	৩৭৪৭৯
জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমূহ	২০৪২	১৯৮৮	১৭৬৮
কর ব্যতীত প্রাপ্তি	১২৫২৭	১১৪৬৩	১০২২৫
বৈদেশিক অনুদান	৪৩৮৮	৪২৫৫	২১৫০
মোট ঃ	৬৪৯২৭	৬১৫৫৬	৫১৬২২
e¨q			
AbbqbমূলK e¨q	৫৭৪২৫	৫২৯২৮	৪৪৪১২
অনুন্নয়ন রাজস্ব ব্যয়	৫২২৫২	৪৮৪২৯	৪২০৬৪
এর মধ্যে			
অভ্যন্তরীণ ঋণের সুদ	১০৬২১	৯৪৬৪	৭৮৫৪
বৈদেশিক ঋণের সুদ	১৩৪৬	১৩২১	১৩০০
অনুন্নয়ন মূলধন ব্যয়	৫১৭৩	৪৪৯৯	২৩৪৮
খাদ্য হিসাব	৮০৯	৩০০	৩৮৮
ঋণ ও অগ্রিম (নীট)	৯৩২৪	৫১৩৪	-১৪৫৫
সরকারের ওপর অর্পিত দায় (বিপিসি থেকে উদ্ভুত)	৭৫২৩	৭৫২৩	০
কাঠামোগত সমন্বয় ব্যয়	১৭০০	৩০০	২৯
DbqbমূলK e¨q	২৪৩৫০	২৮৪৭৫	২৩৪৬২
অনুন্নয়ন বাজেট থেকে অর্থায়নকৃত কর্মসংস্থান সৃজন এবং উন্নয়নমূলক কর্মসূচি	১০৪৬	১৫১১	১৫৭৯
বার্ষিক উন্নয়ন কর্মসূচি	২২৫০০	২৬৫০০	২১৬০০
এডিপি বহির্ভূত কাজের বিনিময়ে খাদ্য ও স্থানান্তর কর্মসূচি	৮০৪	৪৬৪	২৮৩
মোট ব্যয় বিপিসি-র দায়সহঃ	৯৩৬০৮	৮৭১৩৭	৬৬৮৩৬
মোট ব্যয় বিপিসি বাদেঃ	৮৬০৮৫	৭৯৬১৪	৬৬৮৩৬
সামগ্রিক ঘাটতি (অনুদান ও বিপিসি সহ)ঃ	-২৮৬৭৯	-২৫৫৮১	-১৫২১৪
(জিডিপি'র শতকরা হার)ঃ	-৫.৩	-৪.৮	-৩.৩
সামগ্রিক ঘাটতি (অনুদান ব্যতীত ও বিপিসিসহ)ঃ	-৩৩০৬৯	-২৯৮৩৬	-১৭৩৬৪
(জিডিপি'র শতকরা হার)ঃ	-৬.১	-৫.৬	-৩.৭
সামগ্রিক ঘাটতি (অনুদান ও বিপিসিবাদে)ঃ	-২৫৫৪৬	-২২৩১৩	-১৭৩৬৪
(জিডিপি'র শতকরা হার)ঃ	-৪.৭	-৪.২	-৩.৭
A_ ms¯vb			
ˆe‡`wkK FY-bxU	8756	6305	5183
বৈদেশিক ঋণ	১৩০২৪	১০৪০৩	৯০৪৮
বৈদেশিক ঋণ পরিশোধ	-৪২৬৮	-৪০৯৮	-৩৮৬৫
Af¨šÍixY FY	19923	19276	10031
ব্যাংকিং ব্যবস্থা হতে অর্থায়ন (নীট)	10398	7253	6531
দীর্ঘমেয়াদী ঋণ (নীট)	-৭২৫	-৭২৫	-২১৩
স্বল্পমেয়াদী ঋণ (নীট)	১১১২৩	৭৯৭৮	৬৭৪৪
ব্যাংক বহির্ভূত ঋণ (নীট)	২০০২	৪৫০০	৩৫০০
জাতীয় সঞ্চয় প্রকল্পসমূহ (নীট)	১২৮৩	৩৭৭৮	২৮০৫
অন্যান্য	৭১৯	৭২২	৬৯৫
নন- ক্যাশ বন্ড (বিপিসির দায়)	৭৫২৩	৭৫২৩	০
‡gvU -A_ ms¯vb (বিপিসির দায়সহ) t	২৮৬৭৯	২৫৫৮১	১৫২১৪
‡g‡gv‡iÊvg AvB‡Ug t wRwWwc	৫৪১৯১৯	৫৩০৩০০	৪৬৭৫০০

উৎস ঃ অর্থ বিভাগ।